বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
BARAPUKURIA COAL MINING COMPANY LIMITED.
(A COMPANY OF PETROBANGLA)

সূত্র নম্বর- ২৮.১২.০০০০.৬১০.৯৯.০০১.২১/৩০২ তারিখঃ ১২ মে ২০২১

ব্যবস্থাপনা পরিচালক
বিসিএমসিএল
দিনাজপুর

বিষয়ঃ বিসিএমসিএল কর্তৃক স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রণয়নের জন্য গঠিত কমিটির প্রতিবেদন।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও পত্র নম্বর ২৮.১২.০০০০.৬১০.৯৯.০০১.২১.৮৩, তারিখ ১৯ এপ্রিল ২০১৯ এর মাধ্যমে তথ্য অধিকার আইন ২০০৯ এর ধারা ৬ এবং তথ্য অধিকার প্রবিধানমালা ২০১০-এর সঙ্গে সঙ্গতি রেখে বিসিএমসিএল কর্তৃক স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের একটি খসড়া তালিকা প্রণয়নের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি বিসিএমসিএল কর্তৃক স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা প্রণয়ন করেছে (সংযুক্ত)। প্রণয়নকৃত তালিকাটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

আপনার বিশ্বস্ত,

১২/০৫/২০২১

মো: সাইফুল ইসলাম সরকার)
মহাব্যবস্থাপক (মাইন অপারশেন)
ও
আহবায়ক সংশ্লিষ্ট কমিটি

অনুলিপিঃ

১। অফিস কপি।

ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বিসিএমসিএল, দিনাজপুর

মাইন অপারেশন বিভাগ, বিসিএমসিএল
প্রাপ্তি স্বীকার

# খসড়া

## তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা-২০২১

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানি)

চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর

১। তথ্যের ধরণ এবং ধরণ অনুসারে তথ্য প্রকাশ ও প্রদান করার পদ্ধতি:

তথ্যের ধরণ:

ক) স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্য (পরিশিষ্ট-১);

খ) চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য (পরিশিষ্ট-২) এবং

গ) প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্য (পরিশিষ্ট-৩)।

**পরিশিষ্ট-১: স্বপ্রণোদিত প্রকাশযোগ্য তথ্যের তালিকা ও প্রকাশের মাধ্যমঃ**

| ক্রম | তথ্যের বিবরণ | তথ্য প্রকাশের মাধ্যম |
|---|---|---|
| ১। | বিসিএমসিএল-এর সাংগাঠনিক কাঠামো ও কার্যক্রমের বিবরণ; | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ২। | বিসিএমসিএল-এর কর্মকর্তা ও কর্মচারীদের তথ্য; | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ৩। | কার্যসম্পাদনের জন্য বিসিএমসিএল-এর নিয়ন্ত্রণে রক্ষিত ও ব্যবহৃত আইন, বিধি-বিধান নির্দেশনা, ম্যানুয়েল, ডকুমেন্ট এবং রেকর্ড; | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ৪। | ভবিষ্যত কর্মসূচি, পরিকল্পনা ও সিদ্ধান্তমত বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের বিবরণ; | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ৫। | মাসিক ও বাৎসরিক কয়লা উৎপাদন সংক্রান্ত তথ্যাদি; | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ৬। | আর্থিক তথ্য, যেমন আয়/ব্যয় ও বাজেট সংক্রান্ত হিসাব বিবরণী; | সংশ্লিষ্ট দপ্তর |
| ৭। | নাগরিকদের তথ্য সংগ্রহের জন্য বিরাজমান সুযোগ-সুবিধা সংক্রান্ত বিবরণ; | ওয়েবসাইট, বিসিএমসিএল-এর সংশ্লিষ্ট দপ্তর |
| ৮। | নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ দায়িত্বপ্রাপ্ত তথ্য অধিকার কর্মকর্তা ও বিকল্প কর্মকর্তার নাম; | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ৯। | নাম, পদবী, ঠিকানা, ফোন নম্বর এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই-মেইল ঠিকানাসহ আপিল কর্তৃপক্ষের তালিকা; | প্রত্যেক কর্তৃপক্ষের নোটিশ বোর্ড, ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর ইত্যাদি |
| ১০। | তথ্যের জন্য নাগরিকের কাছ থেকে প্রাপ্ত সকল আবেদন পত্রের অনুলিপি, যার মধ্যে নিম্নোক্ত তথ্যসমূহ অন্তভূক্ত থাকবে:<br>(ক) যে কর্তৃপক্ষ কর্তৃক অনুরোধপত্রটি গৃহীত হয়েছে তার নাম;<br>(খ) কি তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে;<br>(গ) অনুরোধের তারিখ। | গৃহীত আবেদন পত্রের একটি কপি প্রত্যেক কর্তৃপক্ষের এবং ওয়েবসাইট রক্ষিত থাকবে |
| ১১। | বিসিএমসিএল-এর নাগরিক সেবা সংক্রান্ত (যেমন টেন্ডার নোটিশ, কয়লা বিক্রয় সংক্রান্ত নোটিশ ও বিভিন্ন বিজ্ঞপ্তি ইত্যাদি) | ওয়েবসাইট, সংশ্লিষ্ট দপ্তর |
| ১২। | বিসিএমসিএল কর্তৃক সম্পাদিত-<br>ক. সকল উন্নয়ন/প্রকল্প সংক্রান্ত চুক্তি;<br>খ. প্রত্যেক চুক্তির সংক্ষিপ্ত বিবরণ, চুক্তি মূল্য/চুক্তির মেয়াদকাল ইত্যাদি। | নোটিশ বোর্ড, ওয়েবসাইট |

**পরিশিষ্ট-২: চাহিদার ভিত্তিতে প্রদানযোগ্য তথ্য:**

- স্বপ্রণোদিতভাবে প্রকাশিত সকল তথ্য;
- বিভিন্ন নীতি;
- আর্থিক তথ্য, যেমন-আয়/ব্যয় ও বাজেট সংক্রান্ত হিসাব বিবরণী;
- অডিট রিপোর্ট (জবাবসহ);
- প্রকল্পের তথ্য;
- ক্রয় কার্যক্রম সংক্রান্ত তথ্য;
- উপকারভোগীর তালিকা;
- নিয়োগ বদলির আদেশ;
- দেশে বা বিদেশে ভ্রমণ সংক্রান্ত তথ্যাদি;
- প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্য (পরিশিষ্ট-৩) ব্যতীত অন্য সকল তথ্য।

**পরিশিষ্ট-৩: প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্য:**

ক) কোন বিদেশী সরকারের নিকট থেকে প্রাপ্ত কোন গোপনীয় তথ্য;

খ) কোন তথ্য প্রকাশের ফলে কোন তৃতীয় পক্ষের বুদ্ধিভিত্তিক সম্পদের অধিকার ক্ষতিগ্রস্থ হতে পারে এরুপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিভিত্তিক সম্পদ (Intelluctual property Right) সম্পর্কিত তথ্য;

গ) কোন তথ্য প্রকাশের ফলে কোন বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্থ করতে পারে এরুপ তথ্য, যথা:

অ) আয়কর, শুল্ক, ভ্যাট ও আবগারী আইন বা বাজেট বা কর হার পরিবর্তন সংক্রান্ত কোন আগাম তথ্য;

আ) মুদ্রার বিনিময় ও সুদের হার পরিবর্তনজনিত কোন আগাম তথ্য;

ই) ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা ও তদারকি সংক্রান্ত কোন আগাম তথ্য;

(ঘ) কোন তথ্য প্রকাশের ফলে কোন ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুন্ন হতে পারে এরুপ তথ্য;

(ঙ) পরীক্ষার প্রশ্নপত্র বা প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;

(চ) কৌশলগত ও বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্চনীয় এরুপ কারিগরি বা গবেষণালব্ধ কোন তথ্য;

(ছ) কোন কার্যক্রম সম্পূর্ণ হওয়ার পূর্বে বা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা এর কার্যক্রম সংক্রান্ত কোন তথ্য;

(জ) কোন ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;

**পরিশিষ্ট-৪: দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ:**

**ক) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ:**

| | |
|---|---|
| কর্মকর্তার নাম | : খান মো: জাফর সাদিক |
| পদবী | : উপ-মহাব্যবস্থাপক (মাইন প্লানিং এন্ড ডেভেলপমেন্ট) |
| ফোন | : +০৮৮১৩১৩৭০০৪৪৯, +০৮৮১৭৮৭৬৫৮৪৪৪ |
| মেইল | : kmzsadiq@gmail.com |
| ঠিকানা | : উপ-মহাব্যবস্থাপক (মাইন প্লানিং এন্ড ডেভেলপমেন্ট), মাইন অপারেশন বিভাগ, বিসিএমসিএল, দিনাজপুর |

**খ) বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিবরণ:**

কর্মকর্তার নাম : মো: দেলোয়ার হোসেন
পদবী : ব্যবস্থাপক (সার্ভে এন্ড মাইন প্লানিং)
ফোন : +০৮৮১৩১৩৭০০৪৭৭, +০৮৮১৭১৯০২৮৮২৩
ই-মেইল : dill.hossain1974@gmail.com
ঠিকানা : ব্যবস্থাপক (সার্ভে এন্ড মাইন প্লানিং), মাইন অপারেশন বিভাগ, বিসিএমসিএল, দিনাজপুর।

## পরিশিষ্ট-৫: আপিল কর্তৃপক্ষের বিবরণ:

পদবী : ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড।
ফোন : +০২৫৮৮৮৭৮৬০১
ই-মেইল : mdofficebcmcl@gmail.com
ঠিকানা : ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড, পার্বতীপুর, দিনাজপুর।

(মো: দেলোয়ার হোসেন)
ব্যবস্থাপক (সার্ভে এন্ড মাইন প্লানিং)
সদস্য-সচিব

(মোহাম্মদ মেহেদী হাসান)
উপ-মহাব্যবস্থাপক (হিউম্যান রিসোর্সেস)
সদস্য

(মোহাম্মদ জাহাঙ্গীর আলম)
উপ-মহাব্যবস্থাপক (জিওলজি)
সদস্য

(খান মো: জাফর সাদিক)
উপ-মহাব্যবস্থাপক (এমপিএন্ডডি)
সদস্য

(এ.কে.এম খালেদুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক (মার্কেটিং এন্ড সেলস)
সদস্য

(মোঃ সাইফুল ইসলাম সরকার)
মহাব্যবস্থাপক (মাইন অপারেশন)
সদস্য